"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৯৫

তারিখঃ ২৫ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০৮/০৫/২০২২ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নম্বর-৫৩.০০.০০০০.৪২১.১১.০০২.২০-৪৭ মোতাবেক অদ্য ০৮ মে ২০২২ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে কমিশনার হিসেবে অধ্যাপক ড. রুমানা ইসলাম যোগদান করেছেন। অধ্যাপক ড. রুমানা ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৩ সালে স্নাতক ও ২০০৪ সালে স্নাতকোত্তর সম্পন্ন করেন। তিনি ২০০৬ সালে যুক্তরাজ্যের কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক বাণিজ্য আইন বিষয়ে স্নাতকোত্তর ও ২০১৫ সালে যুক্তরাজ্যের ওয়ারউইক বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক বিনিয়োগ আইনের উপর পিএইচডি করেছেন। তিনি ২০০৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদে সহকারী অধ্যাপক হিসেবে যোগ দেন। গত বছরের এপ্রিলে বাংলাদেশ সরকার অধ্যাপক ড. রুমানা ইসলাম বিশ্বব্যাংকের ইন্টারন্যাশনাল সেন্টার ফর সেটেলমেন্ট অব ইনভেস্টমেন্ট ডিসপিউটস(আইসিএসআইডি) এর প্যানেল বিচারক হিসেবে মনোনীত করে।

08-05-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd